

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্'র অপকার রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

আল্লাহ্ তা'আলা ও তাঁর বান্দাহ'র মধ্যকার দৃঢ় সম্পর্ক একেবারেই বিচ্ছিন্ন হয়ে যায়

8১. গুনাহ্'র কারণে আল্লাহ্ তা'আলা ও তাঁর বান্দাহ্'র মধ্যকার দৃঢ় সম্পর্ক একেবারেই বিচ্ছিন্ন হয়ে যায়। আর যখন কারোর সম্পর্ক আল্লাহ্ তা'আলা থেকে বিচ্ছিন্ন হয়ে যায় তখন সকল অকল্যাণ ও অনিষ্ট তাকে ঘিরে ফেলে এবং সকল কল্যাণ ও লাভ তার থেকে ধীরে ধীরে দূরে সরে যায়।

জনৈক বুযুর্গ বলেন: বান্দাহ'র অবস্থান আল্লাহ্ তা'আলা ও শয়তানের মাঝে। অতএব যখন বান্দাহ্ আল্লাহ্ তা'আলা থেকে বিমুখ হয় তখন শয়তান তার বন্ধু রূপে তার কাছে ধরা দেয়। আর যে সর্বদা আল্লাক্ষুখী থাকে শয়তান তাকে কখনো কাবু করতে পারে না।

আল্লাহ্ তা'আলা বলেন:

□وَإِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوْا لِآدَمَ فَسَجَدُوْا إِلَّا إِبْلِيْسَ، كَانَ مِنَ الْجِنِّ، فَفَسَقَ عَنْ أَمْرِ رَبِّهِ، أَفَتَتَّخِذُوْنَهُ وَذُرَيَّتَهُ أَوْلِيَآءَ مِنْ دُوْنِيْ، وَهُمْ لَكُمْ عَدُقٌ، بِنُسَ لِلظَّالِمِيْنَ بَدَلًا□

"স্মরণ করো সে সময়ের কথা যখন আমি ফিরিপ্তাদেরকে বললাম: তোমরা আদমকে সিজ্পাহ্ করো। তখন সবাই সিজ্পাহ্ করলো শুধু ইবলীস ছাড়া। সে জিনদের অন্যতম। সে তার প্রভুর আদেশ অমান্য করলো। তবুও কি তোমরা আমার পরিবর্তে তাকে ও তার বংশধরকে অভিভাবকরূপে গ্রহণ করবে? অথচ তারা তোমাদের শত্রু। যালিমদের জন্য এ হচ্ছে সর্বনিকৃষ্ট বিকল্প"। (কাহ্ফ : ৫০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6614

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন